

কী সেবা কীভাবে পাবেন—৩। উপ-আইন সংশোধন;

ক্রমিক নং	সেবা প্রদানকারী অফিসের নাম	সেবার নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	সেবা প্রদানের পদ্ধতি (সংক্ষেপে)	সেবাপ্রাপ্তির প্রয়োজনীয় সময়	প্রয়োজনীয় ফি/ট্যাক্স আনুষঙ্গিক খরচ	সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালা	নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা
০৪	১. উপজেলা/মেট্রোপলিটন থানা কার্যালয় ২. জেলা সমবায় কার্যালয় ৩. বিভাগীয় সমবায় কার্যালয় ৪. সমবায় অধিদপ্তর	উপ-আইন সংশোধন	১. উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার, সহকারী পরিদর্শক ২. জেলা সমবায় অফিসার, পরিদর্শক ৩. যুগ্ম-নিবন্ধক, উপ-নিবন্ধক, সহকারী নিবন্ধক ৪. নিবন্ধক ও মহাপরিচালক, অতিরিক্ত নিবন্ধক, যুগ্ম-নিবন্ধক, উপ-নিবন্ধক, সহকারী নিবন্ধক	সমিতির কর্মকাণ্ডের প্রয়োজনে নিম্নলিখিত জাতীয়/কেন্দ্রীয়/প্রাথমিক সমিতির উপ-আইনের কোনো বিধান সংশোধন করতে পারে। এজন্য নিম্নলিখিত পদক্ষেপ অনুসরণ করতে হবে: ক) জাতীয় সমবায় সমিতির ক্ষেত্রে: জাতীয় সমবায় সমিতির ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিগণ কর্তৃক আবেদন এবং সমবায় সমিতি আইন ও বিধিমালা অনুযায়ী সংশ্লিষ্ট কাগজপত্র উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসে দাখিল করতে হয়। উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার দাখিলকৃত রেকর্ডপত্র পর্যালোচনাকরত তার মন্তব্যসহ জেলা সমবায় অফিসার বরাবর অর্পণ করেন। জেলা সমবায় অফিসার নিজে সরজমিনে যাচাইপূর্বক পরিদর্শন মন্তব্যসহ দাখিলকৃত আবেদন ও রেকর্ডপত্র বিভাগীয় যুগ্ম-নিবন্ধক বরাবর অর্পণ করেন। যুগ্ম-নিবন্ধক প্রাপ্ত রেকর্ডপত্র পর্যালোচনাপূর্বক মন্তব্যসহ দাখিলকৃত আবেদন ও রেকর্ডপত্র নিবন্ধক ও মহাপরিচালক বরাবর অর্পণ করেন। আবেদনপ্রাপ্তির পর নিবন্ধক ও মহাপরিচালক বিবেচনায় উপ-আইন সংশোধনযোগ্য হলে উপ-আইন সংশোধনের আদেশ প্রদান এবং উপ-আইন সংশোধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র সংশ্লিষ্ট সমবায় অফিসের মাধ্যমে আবেদনকারীর নিকট প্রেরণ করেন।	৭-৬০ দিন	বিনামূল্যে	১. সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও সংশোধিত, ২০১৩) ২. সমবায় সমিতি বিধিমালা, ২০০৪	প্রাথমিক সমিতির ক্ষেত্রে বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, কেন্দ্রীয় সমিতির ক্ষেত্রে নিবন্ধক ও মহাপরিচালক এবং জাতীয় সমিতির ক্ষেত্রে সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
				উপ-আইন সংশোধনসংক্রান্ত কোনো আপত্তি থাকলে তাঁর কার্যালয়ের অতিরিক্ত নিবন্ধক/ যুগ্ম-নিবন্ধক/উপ-নিবন্ধক/সহকারী নিবন্ধক কর্তৃক সরজমিনে তদন্ত করার পর তদন্ত প্রতিবেদনের আলোকে উপ-আইন সংশোধনের আদেশ প্রদান অথবা রেকর্ডপত্র সংশোধনের জন্য বা উপ-আইন সংশোধন নামঞ্জুর করে উপ-আইন সংশোধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র সংশ্লিষ্ট যুগ্ম-নিবন্ধক/জেলা/উপজেলা/মেট্রোপলিটন থানা/সমবায় অফিসারের মাধ্যমে আবেদনকারীর নিকট প্রেরণ করেন। খ) কেন্দ্রীয় সমবায় সমিতির ক্ষেত্রে কেন্দ্রীয় সমবায় সমিতির ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিগণ কর্তৃক আবেদন এবং সমবায় সমিতি আইন ও বিধিমালা অনুযায়ী সংশ্লিষ্ট কাগজপত্র উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসে দাখিল করতে হয়। উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার দাখিলকৃত রেকর্ডপত্র পর্যালোচনাকরত তার মন্তব্যসহ জেলা সমবায় অফিসার বরাবর অর্পণ করেন। জেলা সমবায় অফিসার নিজে সরজমিনে যাচাইপূর্বক পরিদর্শন মন্তব্যসহ দাখিলকৃত আবেদন ও রেকর্ডপত্র বিভাগীয় যুগ্ম-নিবন্ধক বরাবর অর্পণ করেন। যুগ্ম-নিবন্ধকের বিবেচনায় সমিতির উপ-আইন সংশোধনযোগ্য হলে উপ-আইন সংশোধনের আদেশ প্রদান এবং উপ-আইন সংশোধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র সংশ্লিষ্ট অফিস ও আবেদনকারীর নিকট প্রেরণ করেন। উপ-আইন সংশোধনসংক্রান্ত কোনো আপত্তি থাকলে তাঁর কার্যালয়ের উপ-নিবন্ধক/সহকারী নিবন্ধক কর্তৃক সরজমিনে তদন্ত করাবেন এবং তদন্ত প্রতিবেদনের আলোকে উপ-আইন সংশোধনের আদেশ প্রদান অথবা রেকর্ডপত্র সংশোধনের জন্য বা উপ-আইন সংশোধন নামঞ্জুর করে উপ-আইন সংশোধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র সংশ্লিষ্ট জেলা/উপজেলা/মেট্রোপলিটন থানা/সমবায় অফিসারের মাধ্যমে আবেদনকারীর নিকট প্রেরণ করেন।				
				গ) প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে প্রাথমিক সমবায় সমিতির ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিগণ কর্তৃক আবেদন এবং সমবায় সমিতি আইন ও বিধিমালা অনুযায়ী সংশ্লিষ্ট কাগজপত্র উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসে দাখিল করতে হবে। উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার দাখিলকৃত রেকর্ডপত্র নিজে বা তার কার্যালয়ের সহকারী পরিদর্শক কর্তৃক সরজমিনে যাচাইপূর্বক পরিদর্শন মন্তব্যসহ দাখিলকৃত আবেদন ও রেকর্ডপত্র জেলা সমবায় অফিসার বরাবর অর্পণ করেন। আবেদনপ্রাপ্তির পর জেলা সমবায় অফিসারের বিবেচনায় সমিতিটি উপ-আইন সংশোধনযোগ্য হলে উপ-আইন সংশোধনের আদেশ প্রদান এবং উপ-আইন সংশোধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় কার্যালয়ের মাধ্যমে আবেদনকারীর নিকট প্রেরণ করেন। উপ-আইন সংশোধনসংক্রান্ত কোনো আপত্তি থাকলে তাঁর কার্যালয়ের পরিদর্শক কর্তৃক সরজমিনে তদন্ত করাবেন এবং তদন্ত প্রতিবেদনের আলোকে উপ-আইন সংশোধনের আদেশ প্রদান অথবা রেকর্ডপত্র সংশোধনের জন্য বা উপ-আইন সংশোধন নামঞ্জুর করে আইন সংশোধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসারের মাধ্যমে আবেদনকারীর নিকট প্রেরণ করেন।				